

মীরা যোশী
কমিশনার/চেয়ারপার্সন

অংশগ্রহণকারী চালক রা অতিরিক্ত 1 \$ উপার্জন করবে
হলুদ WAV-গুলিতে অ্যাক্সেসিবল (প্রবেশযোগ্য) যাত্রাগুলির জন্য

অ্যালন জে. ফ্রমবার্গ
D/C জন সম্পর্ক
frombera@tlc.nyc.gov

রেবেকা হার্শবার্গার
harshbargerr@tlc.nyc.gov
জন সম্পর্ক আধিকারিক
(Public Affairs Officer)

212-676-1013

33 Beaver Street
22nd Floor
New York, NY 10004

নিউইয়র্ক সিটি ট্যাক্সি এবং লিমোজিন কমিশন (টিএলসি) আনন্দের সঙ্গে ঘোষণা করছে যে মেডেলিয়ন ট্যাক্সিক্যাব চালক রা হইলচেয়ার- প্রবেশযোগ্য (হলুদ ট্যাক্সি)) গাড়ি (WAV)-তে প্রতিটি যাত্রা জন্য অতিরিক্ত \$1 আয় করবে। এই বৃদ্ধি ফলে চালক রা প্রতিটি যাত্রায় যে \$0.50 আয় করত এখন সেটা দ্বিগুণ হবে। যাত্রীরা যাবতীয় মিটারে প্রদর্শিত হিসাব অনুসারে যাত্রায় সেই একই হারে 30-সেন্ট ট্যাক্সি উন্নয়ন তহবিল (TIF) সারচার্জ প্রদান করতে থাকবেন।

“পেশাদার চালক রা New York City-কে প্রতিবন্ধকতা যুক্ত যাত্রীদের জন্য আরও বেশি প্রবেশযোগ্য ও ন্যায্য করে তুলতে এক বিরাট ভূমিকা পালন করেন,” কমিশনার মীরা যোশী বলেন। “এটা যাতায়াত করা জনগণকে গুরুত্বপূর্ণ পরিষেবা প্রদান করার সময় পরিশ্রমী টিএলসি লাইসেন্স প্রাপকদের আরও বেশি আর্থিক স্বাচ্ছন্দ্য প্রদান করবে।”

“এই প্রণোদনা চালকদের দলটিকে প্রসারিত করতে সাহায্য করবে এবং পাঁচটি বরো জুড়ে প্রবেশযোগ্য ট্যাক্সিক্যাবের সংখ্যা বৃদ্ধি করবে,” বলেন ভিক্টর ক্যালিস, প্রতিবন্ধকতা যুক্ত মানুষদের জন্য মেয়রের দপ্তর (Mayor’s Office for People with Disabilities) এর কমিশনার। “এতে আমাদের সিটিতে সেই প্রতিবন্ধকতা যুক্ত কর্মরত, বাস করতে থাকা ও অনাবাসিক মানুষদের জীবনযাত্রার মানের উপর ইতিবাচক প্রভাব পড়বে।”

2016-সালে কার্যক্রমটি চালু হওয়ার পর থেকে, TIF ট্যাক্সিক্যাবের চালকদের ও মালিকদের বিভিন্ন আর্থিক সুযোগ প্রদান করেছে।

• জানুয়ারি 2016 থেকে হইলচেয়ার প্রবেশসাধ্য ট্যাক্সিগুলির চালকদের প্রায় \$6 মিলিয়ন TIF অর্থপ্রদান করা হয়েছে, যার মধ্যে রয়েছে কেবল এবছরেই \$1.5 মিলিয়ন এর বেশি।

- প্রবেশসাধ্য ট্যাক্সির মালিকগণ জানুয়ারি 2016 থেকে \$34 মিলিয়ন এরও বেশি এবং জানুয়ারি 2018 থেকে \$4.5 এরও বেশি প্রদত্ত TIF অর্থ পেয়েছেন যা তাদেরকে গাড়ি কেনার খরচ ও বৃদ্ধিপ্রাপ্ত রক্ষণাবেক্ষণের খরচে সাহায্য করেছে।
- মে 2018-পর্যন্ত 4,285 জন টিএলসি-লাইসেন্সধারী চালক রা এবং 2,123 জন ট্যাক্সিক্যাবের মালিক প্রদেয় অর্থ পাবার জন্য নথিভুক্ত হয়েছেন
- চালক রা ট্যাক্সি উন্নয়ন তহবিল থেকে প্রতি দুসপ্তাহে গড়ে প্রায় \$90 করে পেয়েছেন।

ট্যাক্সি উন্নয়ন তহবিল কার্যক্রমে অংশ নিতে চালকদের এখানে সাইন আপ করা আবশ্যিক:

http://www.nyc.gov/html/tlc/downloads/pdf/tif_driver.pdf.

দ্রষ্টব্য: প্রদেয় \$1 অর্থ মিটার ওঠা ভাড়া অতিরিক্ত।

New York City ট্যাক্সি ও লিমুজিন কমিশন (টিএলসি) 1971 সালে তৈরি হয়েছিল এবং এটাই সেই সংস্থা যা ট্যাক্সিক্যাব, ভাড়ার গাড়ি, তাদের ড্রাইভার ও এই শিল্পকে চালানোর ও সমর্থন দেওয়ার ব্যবসায়িক নিয়ন্ত্রণ ও লাইসেন্সিং এর দায়িত্বপ্রাপ্ত। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সব চেয়ে বড় ও সবচেয়ে সক্রিয় ট্যাক্সি ও ভাড়ার গাড়ির নিয়ন্ত্রক প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত।

টিএলসি-এর সম্পর্কে, অথবা তার নিয়মাবলী, প্রবিধান ও প্রণালীসমূহ আরও জানতে আমরা আপনাদের আমাদের এই সরকারি ওয়েবসাইট www.nyc.gov/taxi দেখতে উৎসাহিত করছি।

